আকাশবাণী শিলচর

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**22 OCTOBER 2024 7:45—7:55 PM IST**

==========================================================

(১) ধলাই (সংরক্ষিত) বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য আজ ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থের মনোনয়ন পত্র দাখিল/ মনোনয়ন দাখিলের সময়ে কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা এবং রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়ার অংশগ্রহণ/

(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর আজ নতুনদিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার প্রদান/

(৩) যোরহাট থেকে ডিব্রুগড় পর্যন্ত জাতীয় সড়ক নির্মাণের কাজ শীর্ঘ সম্পূর্ণ হবে বলে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক দপ্তরের মন্ত্রী নীতিন গাডকারির সঙ্গে বৈঠক শেষে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

এবং

(৪) আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার শেষ পর্যায় সম্পর্কে রাজ্যের মুখ্যসচিবের সঙ্গে সব জেলা আয়ুক্ত ও পুলিশ সুপারের আলোচনা/

---

ধলাই (সংরক্ষিত) বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দল ও সমর্থকদের মধ্যে কুচকাওয়াজ ক্রমে জমে উঠেছে । আগামী ১৩ই নভেম্বর রাজ্যের পাঁচটি বিধানসভা আসনের সঙ্গে ধলাই বিধানসভা আসনেরও উপ-নির্বাচন অনুষ্ঠিত

হচ্ছে । এই আসনে প্রতিদ্বন্দিতা করার জন্য আজ প্রথমটি মনোনয়ন পত্র জমা দিয়েছেন ভারতীয় জাতীয় কংগ্রেসের প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ । আজ দুপুরে শিলচর জেলা কংগ্রেস ভবন থেকে দলীয় কর্মী সমর্থকদের নিয়ে তিনি কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে এসে তার মনোনয়ন পত্র জমা দেন । মনোনয়ন পত্র জমা দেবার সময় শ্রী পুরকায়স্থের সঙ্গে উপস্থিত ছিলেন কংগ্রেসের রাজ্য সভাপতি ভূপেন বরা, রাজ্য বিধানসভার বিরোধী দলনেতা দেবব্রত শইকিয়া, বড়খলার কংগ্রেস বিধায়ক মিসবাউল ইসলাম লস্কর, রাজ্যসভার প্রাক্তন উপাধ্যক্ষ আমিনুল হক লস্কর সহ কংগ্রেসের শীর্ষস্থানীয় নেতারা । মনোনয়ন পত্র জমা দিয়ে কংগ্রেসের রাজ্য সভাপতি শ্রী বরা নির্বাচনী এলাকা পুর্ননির্ধারণ, স্মার্ট মিটার চালু করা, কর্মসংস্থান ইত্যাদি ক্ষেত্রে রাজ্য ও কেন্দ্রে ক্ষমতাসীন বিজেপি নেতৃত্বাধীন সরকার বরাক উপত্যকার সঙ্গে বৈষম্যমূলক আচরণ করছে বলে অভিযোগ করেন । মনোনয়ন পত্র জমা দিয়ে কংগ্রেস প্রার্থী ধ্রুবজ্যোতি পুরকায়স্থ, তিনি নির্বাচনে জয়লাভ করলে ধলাই বিধানসভা এলাকায় রাস্তাঘাট, পানীয়জল সহ যাবতীয় উন্নয়নমূলক কাজকর্মের উপর বিশেষ জোর দেবেন বলে মন্তব্য করেছেন । উল্লেখ্য- শ্রী পুরকায়স্থ ধলাই বিধানসভার দুবারের প্রাক্তন বিধায়ক দিগেন্দ্র পুরকায়স্থের পুত্র ।

---------------------------------------------------------------------------------------

এদিকে ধলাই বিধানসভা আসনের আসন্ন উপ-নির্বাচনের পরিপ্রেক্ষিতে কাছাড়ের জেলা প্রশাসন নির্বাচনী আদর্শ আচরণবিধি বলবৎ করেছে । নির্বাচন কমিশনের নির্দেশিকা অনুসারে অবাধ, স্বচ্ছ ও শান্তিপূর্ণভাবে নির্বাচন সম্পন্ন করার উদ্দেশ্যে জারী করা এই আদর্শ আচরণবিধি কঠোরভাবে মেনে চলতে সব রাজনৈতিক দল ও প্রার্থীদের নির্দেশ দেওয়া হয়েছে । এদিকে জেলার রিটার্নিং অফিসার সমগ্র নির্বাচনী প্রক্রিয়ায় শান্তি-শৃঙ্খলা বজায় রাখার আহ্বান জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে পঞ্চম জাতীয় জল পুরস্কার সমূহ প্রদান করেছেন । এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে দেশের মধ্যে শ্রেষ্ঠ রাজ্য, শ্রেষ্ঠ জেলা, শ্রেষ্ঠ গাঁও পঞ্চায়েত, শ্রেষ্ঠ শহরাঞ্চল, শ্রেষ্ঠ জলসরবরাহকারী সংস্থা এবং শ্রেষ্ঠ নাগরিক সমাজ সহ ন'টি শাখায় ৩৮জন বিজয়ীকে পুরস্কার প্রদান করা হয়েছে । এই অনুষ্ঠানে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেন যে- সরকার জল জীবন মিশনের আওতায় দেশের গ্রামাঞ্চলের ৭৮ শতাংশেরও বেশি পরিবারকে পাইপ যোগে বিশুদ্ধ পানীয়জল প্রদান করেছে । তিনি বলেন- ২০১৯ সালে এই মিশন আরম্ভ করার সময়ে গ্রামাঞ্চলের মাত্র ১৭ শতাংশ পরিবারেই পাইপ যোগে পানীয় জল সরবরাহ করার ব্যবস্থা ছিল । জল

জীবন মিশনের জন্যে গ্রামাঞ্চলে বসবাস করা জনসাধারণের জীবন ধারণের মান উন্নত হয়েছে বলেও রাষ্ট্রপতি মন্তব্য করেছেন । তিনি বলেন যে- জল সংরক্ষণের ক্ষেত্রে রাজ্যসরকারগুলি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে । তিনি একইসঙ্গে দেশে ভূগর্ভস্থ জলস্তর ক্রমান্বয়ে হ্রাস পাওয়ায় উদ্বেগ প্রকাশ করেছেন ।

------------------------------------------------------------------------------------

যোরহাট থেকে ডিব্রুগড় পর্যন্ত জাতীয় সড়ক নির্মাণের কাজ শীর্ঘই সম্পূর্ণ হবে বলে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক বিভাগের মন্ত্রী নীতিন গাডকারির সঙ্গে বৈঠকের পর মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা প্রকাশ করেছেন । মুখ্যমন্ত্রী রাজ্যে চলতে থাকা বিভিন্ন জাতীয় সড়ক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আজ নতুনদিল্লিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ ও জাতীয় সড়ক দপ্তরের মন্ত্রী নীতিন গাডকারির পৌরহিত্যে অনুষ্ঠিত বৈঠকে অংশগ্রহণ করেন ।  বিভিন্ন সংস্থার দ্বারা রূপায়ণ করা ৫৭টি মুখ্য জাতীয় সড়ক প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পূর্ণ করা সম্পর্কে বৈঠকে আলোচনা করা হয় । মুখ্যমন্ত্রী প্রকল্পগুলির কাজ ত্বরান্বিত করার জন্য কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আহ্বান জানান । এই বৈঠকে যোরহাট-ডিব্রুগড় জাতীয় সড়কের নির্মাণ শীঘ্র সম্পূর্ণ করার উপর গুরুত্ব আরোপ করা হয় ।

------------------------------------------------------------------------------------

সড়ক পরিবহন ও জাতীয় সড়ক মন্ত্রনালয় মণিপুরের জন্য প্রায় এক হাজার কিলোমিটার দৈর্ঘ্যের ৫০ টি জাতীয় সড়ক প্রকল্পে অনুমোদন দিয়েছে । এর মধ্যে ৪৪ টি প্রকল্প রাজ্যের পার্বত্য অঞ্চলে রুপায়ন করা হবে ।মন্ত্রনালয় জানিয়েছে ১২৫ কিলোমিটার দৈর্ঘের আটটি প্রকল্পের কাজ ইতিমধ্যে সম্পূর্ন করা হয়েছে ।এবং ৩৬ টি প্রকল্পের প্রায় ১২ হাজার কোটি টাকা ব্যয় সাপেক্ষে কাজ চলছে ।

------------------------------------------------------------------------------------

আসাম সরকার জনসাধারণকে বিভিন্ন সরকারী সেবা সহজে প্রদান করার ব্যবস্থা গ্রহণ করেছে ।সেই অনুযায়ী চারশ নাগরিক সেবা , ২১৯ টি ব্যবসায়িক সেবা ও ১৩ টি উপযোগীতা সেবায় ৭৫ লক্ষ আবেদন ডিজিটেলী দাখিল করা হয়েছে ।এই আবেদনগুলির ৮৮ শতাংশ নিষ্পত্তি করা হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড  হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।সামাজিক মাধ্যমে মুখ্যমন্ত্রী বলেন যে এই সেবাগুলি চালু হোয়ার ফলে সরকারী ক্ষেত্রের সংস্কার সাধন হোয়া সহ বিভিন্ন প্রকল্পগুলি রুপায়নের ক্ষেত্রে সফলতা লাভ করা গেছে ।এছাড়া জনসাধারণের দাবী ও আপত্তি আবেদন ও নিষ্পত্তিকরণ সবসময় নিরীক্ষণ করা হচ্ছে ।

------------------------------------------------------------------------------------

রাজ্যের মুখ্য সচিব ড: রবি কোটা ২৭ শে অক্টোবর অনুষ্ঠেয় আসাম প্রত্যক্ষ নিযুক্তি পরীক্ষার অন্তিম পর্যায় সম্পর্কে জেলা আয়ুক্ত ও পুলিশ সুপারদের সংগে আজ ভিডিও কনফারেন্সিং ব্যবস্থার মাধ্যমে আলোচনায় মিলিত হন । ২৭ শে অক্টোবর সকাল সাড়ে ৯ টা থেকে সাড়ে ১১ টা পর্যন্ত এক হাজার ৪৮৪ টি ও বেলা দেড়টা থেকে বিকেল ৪ টে পর্যন্ত ৮০৮ টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে ।এই পরীক্ষায় মোট ৮ লক্ষ ২৭ হাজার ১৩০ জন প্রার্থী অবতীর্ন হবে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা ম্যাজিস্ট্রেট মৃদুল যাদব গৌহাটী হাইকোর্টের নির্দেশ অনুযায়ী সমগ্র জেলায় লটারির ক্ষেত্রে নিষেধাজ্ঞা জারি করেছেন ।এরঅধীনে যেসব সংস্থা অনলাইন এবং অফলাইনে লটারী পরিচালনা করে থাকে তাদের ক্ষেত্রে  এই নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।উল্লেখ্য রাজ্যের বিভিন্ন জেলায়  লটারির জন্য অবৈধ কার্যকলাপ সংগঠিত হোয়ার পরিপ্রেক্ষিতে এই নিষধাজ্ঞা আরোপ করা হয়েছে ।কাছাড় জেলায় এই নিষেধাজ্ঞা পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত তাৎক্ষনিকভাবে কার্যকর করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

কাছাড় জেলা প্রশাসন থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে জেলায় পঞ্চায়েত নির্বাচন-২০২৪-এর খসড়া ভোটার তালিকা প্রকাশ করা হয়েছে । এই খসড়া ভোটার তালিকা পরিদর্শনের জন্য কাছাড় জেলা পরিষদের কার্য্যলয় ও সংশ্লিস্ট গ্রাম পঞ্চায়েত কার্য্যলয়ে দেখতে পাওয়া যাবে । এছাড়া রাজ্য নির্বাচন কমিশনের ওয়েব সাইট https//crmssec.assam.gov.in এ দেখা যাবে বলে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলা প্রশাসনের উদ্যোগে আজ হাইলাকান্দি শহরের লক্ষীশহর হরকিশোর হাইস্কুলে আয়োজিত দিব্যাঙ্গ শনাক্ত করণ শিবিরে ৭০ জনকে শনাক্ত করা হয়েছে ।

এদিকে আগামীকাল লালা রুরেল কলেজে , আগামী বৃহস্পতিবার কাটলিছড়া এস কে রায় কলেজ এবং আগামী শুক্রবার মণিপুরের অলইছড়া মডেল স্কুলে দিব্যাঙ্গ শনাক্তকরণ শিবির অনুষ্ঠিত হবে । জেলা প্রশাসন থেকে এই শিবিরগুলিতে ইনকাম সার্টিফিকেট , আধার কার্ড , ভোটার কার্ড ও পোষ্ট কার্ড সাইজের ফোট সঙ্গে নিয়ে আসতে বলা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জের নারী ও শিশু উন্নয়ন বিভাগের ব্যবস্থাপনায় একশ দিবসীয় কার্য্যসূচীর মিশন শক্তির অধীনে সপ্তাহব্যাপী সচেতনতা অভিযানের অঙ্গ হিসেবে আজ বরুয়ালা হাইস্কুলে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে । বিদ্যালয়ের অধ্যক্ষ প্রবীর ভৌমিকের

পৌরহিত্যে আয়োজিত সভায় মহিলাদের নিরাপত্তা ও ক্ষমতায়ন বৃদ্ধির লক্ষ্যে জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষে রুহুল মজুমদার , অঙ্গনওয়াড়ি পর্যবেক্ষক অঞ্জনা রায় প্রমুখ বক্তব্য রাখেন । এছাড়া সভায় ওয়ান স্টপ সেন্টার , শক্তি সাধনা , শক্তি নিবাস , ১৮১ , ১০৯৮ টোল ফ্রি নম্বরের ব্যবহার বোঝানো হয়েছে । সভায় প্রধানমন্ত্রী মাতৃ বন্দনা যোজনা , আয়ুষ্মান কার্ড , মহিলা বান্ধব স্বাস্থ্য ক্লিনিক সহ সরকারের গ্রহন করা বিভিন্ন প্রকল্প সর্ম্পকে আলোচনা করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় হজ কমিটির মুখ্য কার্য্যবাহী আধিকারীক এক বিজ্ঞপ্তীতে ২০২৫ সালের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত হজ যাত্রীদের কাছ থেকে অগ্রিম অর্থ জমা নেবার সময় আরো দশ দিন বৃদ্ধি করেছেন । বিজ্ঞপ্তীতে জানানো হয়েছে যে দেশের বিভিন্ন রাজ্য হজ কমিটির অনুরোধে অগ্রিম অর্থ জমা নেওয়ার সময়সীমা আগামী ৩১শে অক্টোবর পর্য্যন্ত বৃদ্ধি করা হয়েছে । বিজ্ঞপ্তিতে আরো জানানো হয়েছে যে অর্থ জমার পে-ইন স্লিপের কপি ও অনলাইন জমার রশিদ সহ নির্ধারিত প্রপত্রে মেডিকেল ফিটনেস সার্টিফিকেট আগামী ৫ই নভেম্বরের মধ্যে সংশ্লিষ্ট রাজ্য হজ কমিটির কার্যালয়ে পৌছতে হবে ।

---------------------------------------------------------------------------------------